দৈনিক আমাদের সময়

তারিখ 2৪ ... 2017
পৃষ্ঠা ৩ কলাম ২

দিনাজপুর শিক্ষা বোর্ড

# চেয়ারম্যানের বছরে আপ্যায়ন ব্যয় ৪২ লাখ টাকা

দিনাজপুর প্রতিনিধি ●

দিনাজপুর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আহমেদ হোসেন দায়িত্ব নেওয়ার পর থেকে বোর্ডের ব্যয় অস্বাভাবিকভাবে বেড়ে গেছে। বোর্ডের একটি নির্ভরযোগ্য সূত্র জানিয়েছে, ২০১৪ সালের ১ সেপ্টেম্বর চেয়ারম্যান হিসেবে দায়িত্ব নেন প্রফেসর মো. আহমেদ হোসেন। এর পর থেকে এক বছরে তার যানবাহন ও জ্বালানি খরচ বাবদ ব্যয় দেখানো হয়েছে ৯ লাখ টাকা, অথচ এ খাতে ২০১৩ সালে তৎকালীন চেয়ারম্যানের সময়ে ব্যয় হয়েছিল মাত্র ৩ লাখ টাকা। আগের চেয়ারম্যানের বছরে আপ্যায়ন খরচ ছিল বার্ষিক ৮ লাখ টাকা। আর বর্তমান চেয়ারম্যান দায়িত্ব নেওয়ার পর আপ্যায়নের বার্ষিক বাজেট বৃদ্ধি করে ২৮ লাখ টাকা করা হয়। কিন্তু চলতি অর্থবছরে এ খাতে তিনি ব্যয় করেছেন ৪২ লাখ টাকা। চলতি বছরের ৯ সেপ্টেম্বর শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর মো. আহমেদ হোসেনের মেয়াদ শেষ হবে। আপ্যায়ন খাতে অতিরিক্ত ব্যয়ের ব্যাপারে জানতে চেয়ারম্যানের সঙ্গে মুঠোফোনে যোগাযোগ করা হলে তাকে [illegible]